

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭১২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقَيَامَة ويدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّمَا سُمِّيَ الْخَضِرُ لِأَنَّهُ جَلَسَ عَلَى فَرْوَةٍ بَيْضَاءَ فَإِذَا هِيَ تَهْتَزُّ من خَلْفِه خضراء». رَوَاهُ البُخَارِيِّ

رواه البخارى (3402) ـ

(صَحِيح)

বাংলা

৫৭১২-[১৫] আবৃ হুরায়রাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: খাযিরকে খাযির নামে আখ্যায়িত করার কারণ হলো এই যে, একদিন তিনি একটি শুকনো সাদা জায়গায় বসেছিলেন। তাঁর উঠে যাওয়ার পরই হঠাৎ ঐ স্থানটি সবুজের সমারোহে পরিপূর্ণ হয়ে গেল (সে ঘটনা হতে তার নাম 'খাযির হয়ে গেল)। (বুখারী)

ফুটনোট

সহীহঃ বুখারী ৩৪০২, তিরমিয়ী ৩১৫১, মুসনাদে আহমাদ ৮০৯৮, সহীহুল জামি ২৩৬৪, সহীহ ইবনু হিব্বান ৬২২২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (هَرُوَةٍ)-এর বিভিন্ন অর্থ রয়েছে, সাদা বা শুকনো ঘাস, শুকনা ভূমি যেখানে কোন শস্য নেই, ভূমির ঐ খণ্ড যেখানে শুকনো ঘাস রয়েছে। অতএব হাদীসের মর্ম হলো, সাদা শুকনো ঘাস অথবা ঘাস পাতা নেই শুকনো সাদা ভূমিতে খাযির আলায়হিস সালাম বসলে সেই জায়গায় সবুজ তাজা ঘাস উৎপাদিত হয়ে যেত এবং তা নড়াচড়া



করত। এটাই খাযির আলায়হিস সালামের নাম খাযির হওয়ার কারণ। কেননা খাযির অর্থ সবুজ। এ থেকে বুঝা গেল খাযির আলায়হিস সালাম-এর মূল নাম অন্য কিছু। ফাতহুল বারীতে লিখেন, খাযির আলায়হিস সালাম-এর নাম, তাঁর পিতার নাম, তাঁর বংশ, তিনি নবী হওয়ার বিষয়, তার জীবিত থাকার বিষয়ে মতভেদ রয়েছে। এরপর তিনি এগুলো নিয়ে দীর্ঘ আলোচনা করেছেন। (বিস্তারিত দেখুন- ফাতহুল বারী হা, ৪/৪৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন